

২০২৩

বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলার সমাজ ও সাহিত্যের ইতিহাসে তুর্কি আক্রমণের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১৫
- অথবা,
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচনাকাল ও বিষয়বস্তুর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা সাহিত্যের ইতিহাসে কাব্যটির অভিনবত্ব আলোচনা করো। ১৫
- ২। (ক) বৈষ্ণব পদাবলি সাহিত্যে বিদ্যাপতির কবিপ্রতিভার পরিচয় দাও। ১৫
- অথবা,
- (খ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' শুধু চৈতন্যদেবের জীবনকথা নয়, তা গৌড়ীয় বৈষ্ণব দর্শনের এক অসাধারণ নিদর্শন।— আলোচনা করো। ১৫
- ৩। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের পটভূমি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে, মনসামঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির কবিকৃতিত্বের পরিচয় দাও। ৫+১০
- অথবা,
- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে কবি দৌলত কাজীর অবদানের মূল্যায়ন করো। ১৫
- ৪। (ক) বাংলা সাহিত্যের ইতিহাসের আদিপর্বের গতিপ্রকৃতি সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫
- অথবা,
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের নামকরণ বিষয়ক বিতর্ক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) টীকা লেখো : কবীন্দ্র পরমেশ্বর। ৫
- অথবা,
- (খ) টীকা লেখো : বৃন্দাবনদাস। ৫

৬। (ক) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবির কবিপ্রতিভার একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

৫

অথবা,

(খ) শাক্ত কবি হিসাবে কবি রামপ্রসাদ সেনের কবিকৃতিত্বের সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুথির আবিষ্কার্তা কে?
- (খ) চর্যাপদের পুথি কে, কবে আবিষ্কার করেছিলেন?
- (গ) কবি কুন্তিবাস ওঝা কোন শতকের কবি?
- (ঘ) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম লেখো।
- (ঙ) কবি মালাধর বসুর উপাধি কী ছিল?
- (চ) শ্রীকৃষ্ণবিজয় কাব্যের রচনাকাল এই কাব্যের কবি সুনির্দিষ্টভাবে উল্লেখ করেছিলেন, সেই রচনাকালটি কী?
- (ছ) বিদ্যাপতির ভাবশিষ্যরূপে কোন কবিকে নির্দেশ করা হয়?
- (জ) 'রাঢ়ের জাতীয় কাব্য' বলে কোন কাব্যকে অভিহিত করা হয়?
- (ঝ) ভারতচন্দ্র রচিত কাব্যটির নাম লেখো।
- (ঞ) শাহ মহম্মদ সগীর প্রণীত একটি কাব্যের নামোল্লেখ করো।
- (ট) 'হস্ত পয়কর' কাব্যটি কার লেখা?
- (ঠ) মনসামঙ্গল কাব্যধারার আদি কবি কে ছিলেন?
- (ড) চৈতন্যভাগবত-এর পূর্বনাম কী ছিল?
- (ঢ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের মোট কয়টি খণ্ড?
- (ণ) কার লেখা মূল কাব্যগ্রন্থের অনুবাদ ছিল 'পদ্মাবতী'?